চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৪৩৬ তম পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনি ১৪৩৬তম আসর অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সাড়ে পাঁচ টার সময় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে শহীদ আলাউল হলে স্বাস্থ্যবিধি মেনে সাহিত্য আসর ‘পদধ্বনি’ অনুষ্ঠিত হয়।

১৪৩৬তম এই আসরে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলালের সভাপতিত্বে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারন সম্পাদক নজির আহমেদের প্রাণবন্ত উপস্থাপনায় স্বরচিত লেখা পাঠ করেন নাট্যজন মোঃ আলাউদ্দীন,ডাঃ হেদায়েত উল্লাহ, জামাল উদ্দীন, আনছার আলী, সার্থক আলীম,আব্দুল হামিদ,রতন কুমার শর্মা,মুর্শিদ,হারুন অর রশিদ, মাসুদ রানা,তৌহিদ আকবর অন্তু,সালমা খাতুন,রাবেয়া খাতুন লিমু।চিয়ারত সাহিত্য থেকে কবিতা আবৃত্তি করেন ফারিব আমির ফারাহ।গজল পরিবেশন করেন আমিরুল ইসলাম।

সাহিত্য আসরে আরও উপস্থিত ছিলেন আব্দুর রাজ্জাক, হোসেন মোহাম্মদ ফারুক, সুমন ইকবাল, গোলাম কবীর মুকুল, গিয়াস উদ্দীন টিটোন, ডাঃ তোফাজ্জেল হোসেন, হোসেন জাকির, আসাদুজ্জামান আসাদ প্রমৃখ। চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদে সভাপতি কবি নজমুল হেলাল বিশিষ্ট গবেষক, বাংলা একাডেমির সভাপতি এবং জাতীয় অধ্যাপক রফিকুল ইসলামের মৃত্যুতে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা জানান এবং তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে সাহিত্য আসরের সমাপনী ঘোষণা করেন।

আলমডাঙ্গায় ইউপি সদস্যদের বিজয়ী করার প্রতিশ্রুতি দিয়ে

অর্থ আদায় আ.লীগ নেতার

আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়ন পরিষদের সংরক্ষিত মহিলা আসন ও এক ওয়ার্ড সদস্যকে নির্বাচিত করে দেয়ার প্রতিশ্রুতি দিয়ে অর্থ আদায়ের অভিযোগ উঠেছে। এই দুই প্রার্থী নির্বাচনে পরাজিত হলে টাকা ফেরত দিতে বাধ্য হয়েছেন জেহালা ইউনিয়ন আ.লীগের সাধারণ সম্পাদক আব্দুল হান্নান মাষ্টার।

টাকা ফেরতের বিষয়টি নির্বাচনের ফলাফল ঘোষনা পরদিন ঘটলেও ৩ ডিসেম্বর এলাকায় জানাজানি হয়। এতে জেলাজুড়ে আলোচনা সমালোচনার ঝড় বইছে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার ১৩ টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয় গত (২৮নভেম্বর)। এ নির্বাচনে জেহালা ইউনিয়নের সংরক্ষিত মহিলা (৪,৫,৬) আসনে অংশ নেয় সানজিদা খাতুন। এছাড়াও ৬ নম্বর ওয়ার্ডের মেম্বার প্রার্থী আব্দুল মজিদ নির্বাচন করেন। পুলিশ প্রশাসন ও প্রিজাইডিং অফিসারদের ম্যানেজ করে বিজয় করে দিতে প্রতিশ্রুতি দেয় ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হান্নান মাস্টার। এ কারণে সংরক্ষিত মহিলা মেম্বার সানজিদার নিকট থেকে ৩০ হাজার ও মেম্বার প্রার্থী আব্দুল মজিদের নিকট থেকে টাকা নেয়। টাকা নিলেও দুজনই নির্বাচনে পরাজিত হয়। এ বিষয়টি জানাজানি হলে টাকা ফেরৎ দিতে তৎপর হয় হান্নান মাস্টার।

এ বিষয়ে আব্দুল হান্নান মাষ্টার দাবি করেন, আমার বিরুদ্ধে মিথ্যা অপবাদ দেয়া হচ্ছে। আমি নোংরা রাজনীতির শিকার। নির্বাচনে বিজয়ের জন্য নয়, স্বেচ্ছায় এই দুই প্রার্থী ক্লাব বাবদ ও কর্মীদের জন্য টাকা দিয়েছিল। আমি টাকা নিতে না চাইলেও তারা জোর করে দিয়েছে। পরে তাদের আমানত (টাকা) আমার ফেরত দিয়েছি।

জেহালা ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের ইউপি সদস্য আব্দুল মজিদ বলেন, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নসহ এক যোগে ১৩ ইউনিয়নের তফসিল ঘোষণার পর আমি ৬ নং ওয়ার্ডের মেম্বার প্রার্থী হিসেবে নির্বাচনে দাঁড়ায়। তার কয়েকদিন পর আমাকে বিজয়ী করে দেয়ার প্রতিশ্রুতি দেন জেহালা ইউনিয়ন আ.লীগের সাধারণ সম্পাদক আব্দুল হান্নান। বিনিময়ে আমার নিকট থেকে নগত ২০ হাজার টাকা নেন তিনি। গত ২৮ নভেম্বর অনুষ্ঠিত নির্বাচনের ফলাফল ঘোষনার পর আমি ভোটে পরাজিত হয়। রাতে বিষয়টি জানাজানি হলে পরদিন টাকা ফেরত দেন হান্নান মাষ্টার।

অপরদিকে, জেহালা ইউনিয়নের গোবিন্দপুর গ্রামের সানজিদা খাতুন সংরক্ষিত (৪,৫,৬) নং ওয়ার্ড এর প্রার্থী হিসেবে এই প্রথম নির্বাচনে দাড়ান। তিনি বলেন, আব্দুল হান্নান মাস্টার প্রতিশ্রুতি দিয়েছিলেন ভোটের মাঠে কারো কাছে ভোট চাইতে হবে না। সবাইকে ম্যানেজ করে বিপুল ভোটে বিজয়ী করা হবে। আপনার বিজয় সুনিশ্চিত। আমার নিকট থেকে ৩০ হাজার টাকা আদায় করে। পরে নির্বাচনের ফলাফল প্রকাশ হলে আমার টাকা ফেরত দেন আব্দুল হান্নান। এদিকে এঘটনা জানাজানি হলে উপজেলাসহ জেলাজুড়ে ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়। ইউপি সদস্যদের নির্বাচিত করে দেয়ার প্রতিশ্রুতি দিয়ে অর্থ আদায়ের গুঞ্জনে এলাকায় সরব আলোচনা সমালোচনার ঝড় উঠেছে।

এ বিষয়ে জানতে জেহালা ইউনিয়ন আ.লীগের সাধারণ সম্পাদক আব্দুল হান্নান মাষ্টার বলেন, আমার বিরুদ্ধে যে অভিযোগটি করা হয়েছে তা সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট। সমাজের চোখে আমাকে হেয় প্রতিপন্ন করার জন্য এসব কুৎসা রটনা করে আসছে এক শ্রেণির অসাধু লোকজন। দুই প্রার্থী এই প্রতিবেদকের নিকট টাকার নেয়ার পর ফেরত দেয়ার বিষয়টি স্বীকার করেছেন বলে জানালে তিনি বলেন, আব্দুল মজিদের নিকট থেকে নির্বাচনে বিজয়ী করার জন্য টাকা নেইনি। আমাদের একটা ক্লাব আছে। ওই ক্লাবের উন্নয়নের জন্যেই সে নিজেই ২০ হাজার টাকা দিয়েছিল। পরে আমি টাকাটা ফেরত দিয়েছি। অপর মহিলা প্রার্থী সানজিদা খাতুনও স্বেচ্ছায় এলাকার ছেলেদের জন্য দিয়েছিল। আমি নিতে চাইনি। পরে তার টাকা আমারা ফেরত দিয়েছি।

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খুস্তার জামিল বলেন, নির্বাচনের পর মানুষ অনেকে অনেক কথায় বলে থাকেন। বিষয়টি আদৌও সঠিক কিনা দেখতে হবে। আমাদের কাছে কেউ কোন অভিযোগ করেনি। কেউ অভিযোগ করলে তদন্তের পর ঘটনার সত্যতা পেলে সংগঠন থেকে ব্যবস্থা নেয়া হবে।

আলমডাঙ্গায় স্বতন্ত্র

প্রার্থীকে কুপিয়ে জখম

নির্বাচনী পরবর্তী সহিংসতায় আলমডাঙ্গা উপজেলার ডাউকি ইউনিয়নের স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী নাজমুল হোসাইনকে বেধড়ক মারধরসহ দেশীয় অস্ত্র দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করেছে নৌকা প্রতীকের বিজয়ী চেয়ারম্যান তরিকুল ইসলামসহ তার সমর্থকেরা।

বুধবার সন্ধার দিকে ডাউকি গ্রামে এ ঘটনা ঘটে। পরে পুলিশ ঘটনাস্থলে পৌছে নাজমুল হোসাইনকে উদ্ধার করে আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেই। এসময় পুলিশের উপর হামলা চালিয়ে দুটি মোটরসাইকেল ও অজ্ঞাত ব্যাক্তির একটি মোটরসাইকেল ভাংচুর করে তারা।

এতে পুলিশের পরিদর্শকসহ চারজন আহত হয়। আহত নাজমুল ইসলামের অবস্থার অবনতি হলে উন্নত চিকিতসার জন্য চিকিতসক কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। আহত নাজমুল হোসাইন আলমডাঙ্গা উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক।

জানাগেছে, আলমডাঙ্গার ডাউকি ইউনিয়ন পরিষদ নির্বাচনে বিজয়ী নৌকার চেয়ারম্যান তরিকুল ইসলাম। গতকাল বুধবার নির্বাচনি পরবর্তী স্বতন্ত্র প্রার্থী নাজমুল হুসাইনের উপর অতর্কিত হামলা চালায়। এতে স্বতন্ত্র প্রার্থী তরিকুলের সমর্থিত লোকজন নাজমুলকে মারপিট ও কুপিয়ে রক্তাক্ত জখম করে। গুরুত্বর অবস্থায় তাকে হারদি হাসপাতালে ভর্তি করা হয়। পরে কর্তব্যরত চিকিৎসক কুষ্টিয়ায় রেফার করে।

এ ঘটনায় রাত ৯টার দিকে আলমডাঙ্গা উপজেলা সেচ্ছাসেবকলীগের পক্ষ থেকে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা জেলা সেচ্ছাসেবকলীগের সভাপতি ওবাইদুর রহমান চৌধুরী জিপুর নির্দেশে আলমডাঙ্গার সেচ্ছাসেবকলীগের সভাপতি শরিফুল ইসলাম রিফাত ২৪ ঘন্টার আল্টিমেটাম দেন। এ সময়ের মধ্যে অভিযুক্তদের আটক ও চেয়ারম্যান থেকে প্রত্যাহার না করা হলে কঠোর আন্দোলনের হুশিয়ারি দেয়।

ডাউকি ইউনিয়ন পরিষদের (ইউপি) সদস্য আব্দুল কুদ্দুস বলেন, বুধবার সন্ধার দিকে ডাউকি ইউনিয়ন পরিষদের স্বতন্ত্র প্রার্থী নাজমুল হোসাইনকে লাঠিসোটা ও জেআই পাইপসহ দেশীয় অস্ত্র দিয়ে বেধড়ক মারপিট করে নৌকা প্রতীকের বিজয়ী চেয়ারম্যান তরিকুল ইসলামসহ তার কর্মীরা। পরে পুলিশ ঘটনাস্থলে পৌছালে তারা পালিয়ে যায়। পরে

পুলিশ তাকে উদ্ধার করে আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেই।

আলমডাঙ্গা উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক রিফাত বলেন, আমাদের আলমডাঙ্গা উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও ডাউকি ইউনিয়নের স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী নাজমুল হোসাইনকে মারধর করেছে নৌকার প্রতীকের বিজয়ী চেয়ারম্যান তরিকুল ইসলাম। এঘটনার পর আলমডাঙ্গা উপজেলা স্বেচ্ছাসেবক লীগের উদ্দ্যোগে শহরে বিক্ষোপ মিছিল বের করে। চেয়ারম্যান থেকে প্রত্যাহার ও ২৪ ঘন্টার মধ্যে তরিকুল ইসলামকে গ্রেফতার না করলে আমরা কঠোর আন্দোলনে যাবো আমরা।

এদিকে নাজমুল ইসলামকে মারধরের খবর পেয়ে আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থলে পৌছায়। এতে নৌকা প্রতীকের বিজয়ী চেয়ারম্যান তরিকুল ইসলামের কর্মীদের সাথে পুলিশের সাথে ধাওয়া ও পালটা ধাওয়ার ঘটনা ঘটে। এতে পুলিশের দুইটা এবং অজ্ঞাত ব্যক্তি একটি মোটরসাইকেল ভাংচুর করে। এসময় আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (অপারেশন) মাহবুব হোসেন, উপ-পরিদর্শক (এসআই) শরিফুল,কনেস্টবল শাওন, মামুন আহত হয়।

আলমডাঙ্গা থানার পুলিশ পরিদর্শক (অপারেশন) শরিফুল ইসলাম বলেন, ডাউকি ইউনিয়নের নৌকা প্রতীকের বিজয়ী চেয়ারম্যান তরিকুল ইসলামের কর্মীরা স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী নাজমুল ইসলামকে মারধর করে। খবর পেয়ে উপস্থিত হলে পুলিশের উপর হামলার ঘটনা ঘটে। চার পুলিশ সদস্য আহত হয় এবং পুলিশের দুটি মোটরসাইকেল ভাংচুরের ঘটনা ঘটে। এ ঘটনায় আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন।

দামুড়হুদায় চুয়াডাঙ্গা-২ আসনের এমপির রোগ মুক্তি কামনায়

দোয়া মাহফিল

দামুড়হুদা উপজেলা দলিল লেখক সমিতির উদ্যোগে জাতীয় সংসদ সদস্য চুয়াডাঙ্গা-২ আসনের এমপি হাজী আলী আজগার টগরের রোগ মুক্তি কামনায় এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা দলিল লেখক সমিতির আয়োজনে দামুড়হুদা উপজেলা সাব রেজিস্ট্রি অফিসের সামনে দলিল লেখক সমিতি মিলনায়তনে বুধবার বেলা ১২ টার সময় উক্ত মিলাদ ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন দলিল লেখক সমিতির সভাপতি মোঃ সিরাজুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ রেজাউল ইসলাম, সাব রেজিস্ট্রার অফিসের কেরানি আজিজুল রহমান কোষাধ্যক্ষ ও দৈনিক আকাশ খবর পত্রিকার দামুড়হুদা বুরো প্রধান মোঃ শমসের আলী, দামুড়হুদা প্রেসক্লাব সাধারন সম্পাদক বখতিয়ার হোসেন বকুল,যুগ্ন সম্পাদক হাবিবুর রহমান হাবীব, দলিল লেখক সমিতির সদস্য বৃন্দরা।

জীবননগরে বিএডিসির বীজে মূল্য বেশি রাখায় বিক্রেতাকে জরিমানা

জীবননগরে ক্রেতার অভিযোগের ভিত্তিতে মোবাইল কোর্ট পরিচালনা করে এক বিএডিসি ডিলারকে ১০হাজার টাকা জরিমানা প্রদান করা হয়েছে। বুধবার দুপুরে জীবননগর উপজেলার হাসাদাহ বাজারে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ.আরিফুল ইসলাম।

মোবাইল কোর্ট অভিযান সূত্রে জানা যায়, জীবননগর উপজেলার হাসাদাহ বাজারে বিএডিসি ডিলার মেসার্স অনিক ট্রেডার্স আলুর বীজের দাম নির্ধারিত মূল্যের চেয়ে বেশি নেওয়া ও ক্রেতার নিকট ক্রয় রশিদ প্রদান না করায় উক্ত ক্রেতা জীবননগর উপজেলা নির্বাহী অফিসারের নিকট অভিযোগ করেন।

ক্রেতার অভিযোগের ভিত্তিতে তৎক্ষনাৎ জীবননগর থানা পুলিশের

সহযোগিতায় মোবাইল কোট অভিযান পরিচালনা করেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ আরিফুল ইসলাম।

এ সময় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪০ ধারার অপরাধে ডিলার অনিক বিশ্বাসকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার।

এসময় অভিযোগকারি বীজ ক্রেতাকে ধন্যবাদ দেওয়ার পাশাপাশি উপজেলার কোথাও এমন ঘটনার পুনরাবৃত্তি হলে উপজেলা প্রশাসনের জানানোর জন্য বলেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ.আরিফুল ইসলাম।

চুয়াডাঙ্গায় বৃদ্ধার শরীরে বিষ প্রয়োগ করে হত্যার অভিযোগ

চুয়াডাঙ্গা সদর উপজেলার ইনজেকশনের মাধ্যমে বিষ প্রয়োগ করে বৃদ্ধার হত্যার অভিযোগ উঠেছে।শামসুল শেখ নামের এই বৃদ্ধকে হত্যার অভিযোগ উঠেছে নাত জামাইয়ের বিরুদ্ধে। বুধবার সকাল সাড়ে দশটার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। তার মরদেহ ময়না তদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে রাখা হয়েছে। মারা যাওয়া শামসুল শেখ (৭৫) চুয়াডাঙ্গা পৌর এলাকার বেলগাছি ঈদগাহ পাড়ার মৃত করীম শেখের ছেলে।

শামসুল শেখের স্ত্রী সুফিয়া বেগম জানান, দেড় বছর আগে দামুড়হুদা উপজেলার দলিয়ারপুর গ্রামের হাসান আলীর সাথে আমার নাতনী কমলা খাতুনের বিয়ে হয়। হাসান আলী তার সাথে খারাপ আচরণ ও শারীরিক নির্যাতন করায় তাকে ডিভোর্স দেয় কমলা। তারপর থেকে কমলা খাতুন আমাদের বাড়িতেই থাকতো। গেল ৩ মাস আগে কমলাকে ফুসলিয়ে নিয়ে পুনরায় বিয়ে করে হাসান।

তিনি আরও জানান, গত সোমবার হাসান আমাদের বাড়িতে আসলে আমাদের সাথে তার বাগবিতণ্ডা হয়। রাতে আমার স্বামী ঘরের বারান্দায় ঘুমিয়ে ছিল। এসময় হাসান আমার স্বামীর ঘাড়ে ইনজেকশনের সিরিঞ্জ ফুটিয়ে দিয়ে পালিয়ে যায়। কিছুক্ষণ পর আমার স্বামী অসুস্থ হয়ে পড়েলে রাত

В ходе опыта было установлено, что растворимость кислорода в воде при повышении температуры уменьшается, что подтверждает теоретические данные.

Результаты измерений были занесены в таблицу. Среднее значение, полученное в ходе эксперимента, составило 8,2 мг/л.

В ходе работы использовались различные методы анализа данных (см. приложение 1), включая статистическую обработку результатов.

---

# Экспериментальное исследование влияния температуры на растворимость кислорода в воде

Экспериментальное исследование влияния температуры на растворимость кислорода в воде проводилось с использованием специального оборудования.

Опыт был проведен 15 раз при различных температурах. Полученные данные были обработаны с помощью программного обеспечения, после чего построен график зависимости растворимости от температуры. Анализ графика показал, что с увеличением температуры растворимость кислорода уменьшается, что согласуется с теоретическими данными.

নেতৃত্বে বাংলাদেশের মাতৃভাষা বাংলাকে আন্তর্জাতিক মাতৃভাষার স্বীকৃতি লাভ করিয়েছেন।

মহান বিজয় দিবস ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী-২০২১ উদযাপন উপলক্ষে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তার বলেন, দামুড়হুদা উপজেলা প্রশাসন সহ সকল সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, বীরমুক্তিযোদ্ধা, এনজিও, প্রেসক্লাব, স্কুল, কলেজ, মাদ্রাসা সহ সর্বসাধারণের উপস্থিতিতে দামুড়হুদা উপজেলা প্রশাসন বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান মোছাঃ সাহিদা খাতুন, সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ, উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ আবু হেনা মোঃ জামাল শুভ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন, আব্দুল ওয়াদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, উপজেলা মহিলা কর্মকর্তা হোসনে আরা ববি, উপজেলা সমবায় অফিসার মোঃ হারুন-অর-রশিদ, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, উপজেলা নির্বাচন কর্মকর্তা মোঃ ইসহাক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, উপজেলা মৎস্য কর্মকর্তা আইয়ুব আলী, দর্শনা থানা অফিসার ইনচার্জ এম লুৎফুল কবীর, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার সাবেক) বীরমুক্তিযোদ্ধা আছির উদ্দীন, বীরমুক্তিযোদ্ধা তমছের আলী, দামুড়হুদা সদর ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, সাংবাদিক হাবিবুর রহমান, আলী আজগর সোনা, হাবিবুর রহমান হাবীব, শমসের আলী, বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক সংগঠনের নেতা-কর্মী সহ স্থানীয় সুধী মহল।

দর্শনা দক্ষিণ চাঁদপুরে দুই

মাদক ব্যবসায়ী গ্রেফতার

দর্শনা দক্ষিণ চাঁদপুরে মাদক বিরোধী অভিযান চালিয়ে দুই কেজি গাঁজা উদ্ধার করেছে পুলিশ। এসময় মাদক ব্যবসায়ী সালাউদ্দিন কাজল
(৩৫) ও আমেনা খাতুন (৪৫) নামের নারী মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে।

সোমবার দুপুর দেড়টার দিকে গোপন সংবাদের ভিত্বিত্বে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইস,এম লুৎফুল কবীরের নের্তৃত্বে থানার এসআই সুমন্ত বিশ্বাস, এএসআই কাজী আব্দুল মান্নান, এএসআই আবু বক্কর সিদ্দিক সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের জনৈকা রবিউল ইসলামের স্ত্রী নাজিরা খাতুনের বসত বাড়ির উওর পাশে গলির ভিতর।

এসময় উক্ত স্থান হতে ভারতীয় ২ কেজি গাঁজা উদ্ধার সহ সালাউদ্দিন কাজল (৩৫) ও আমেনা খাতুন (৪৫) নামের দুই মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেন। গ্রেফতারকৃত সালাউদ্দীন কাজল দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের টাওয়ার পাড়ার মৃত আব্দুর রহমান ও মোছাঃ আয়েশা খাতুনের ছেলে ও আমেনা খাতুন একই গ্রামের রেললাইন পাড়ার রশিদুল ইসলামের স্ত্রী ও সুরাপ হোসেন এবং বানুর মেয়ে। এঘটনায় গ্রেফতারকৃত সহ আরও ২ জনকে পলাতক আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা রুজু প্রক্রিয়াধীন।

আলমডাঙ্গায় উৎসবমুখর পরিবেশে অসুস্থতাকে পিছনে ফেলে ভোট দিলেন বৃদ্ধরা

শতবর্ষী বৃদ্ধা ওছিলা খাতুন (৯৯)। বয়সের ভারে নিজে হাঁটতে পারেন না। বার্ধক্যজনিতসহ বিভিন্ন রোগে আক্রান্ত। পছন্দের প্রার্থীকে নির্বাচিত করতে ভ্যানে চেপে ভোটকেন্দ্রে এসেছেন ছেলে ও পুত্রবধুর সাথে। তাদের কোলে চড়ে ভোট দিয়ে আস্তে আস্তে বললেন,

‘আল্লাগ আর কত দিন বাঁচায় জানি না, মনে হয় জীবনের শেষ ভোট দিয়ে গেলাম।’ বৃদ্ধা আহত ওছিলা খাতুন আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের ২ নং ওয়ার্ডের ফরিদপুর গ্রামের কারিগরপাড়ার মৃত মানিক মিয়ার স্ত্রী।সরজমিনে দেখা যায়, গতকাল রোববার (২৮ নভেম্বর) সকাল সাড়ে ১০ টার দিকে বেলগাছি ইউনিয়নের ফরিদপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রের ভিতরে একটি ব্যাটারিচালিত পাখিভ্যানের উপরে কম্বল গায়ে সুয়ে আছেন বৃদ্ধা ওছিলা খাতুন।

সামনে এগুতেই পুত্রবধু আকলিমা খাতুন ও ছেলে শহিদুল ইসলাম এগিয়ে তাদের দাবি, ওছিলা খাতুনের বয়স একশো ছুইছুই। শতবর্ষী এই বৃদ্ধা চোখে দেখেন না, খুব একটা কথা বলতে পারেন না, তেমন শোনেন না কানেও। তবে এতো বাধাও আটকে রাখতে পারেনি ওই বৃদ্ধাকে। সকল বাধা উপেক্ষা করে আমাদের বললে আমরা সাথে করে নিয়ে এসেছি ভোট কেন্দ্রে।

এদিকে কেন্দ্রের মধ্যে বৃদ্ধা ওছিলা খাতুন ভ্যানে করে ভোট দিতে আসায় তাকে ঘিরে উচ্ছ্বাস দেখা যায় ভোটারদের মধ্যে। সবাই তার কাছে আসেন। তার বিষয়ে খোজ খবর জানার চেষ্টা করেন। এতে ভোট কেন্দ্রে তাঁর পাশে ভিড় জমে যায়।

ছেলে শহিদুল ইসলাম বলেন, আমার মা দীর্ঘদিন যাবত অসুস্থ। বয়সের ভাবে হাটতেও পারেন না। বলতে গেলে বিছানাগত। ভোটের আগে চারিদিকে মাইকে প্রচার-প্রচারণা শুনতে পেয়ে ভোট দেবার ইচ্ছা পোষন করে আমাদেরকে জানায়। আমরাও মায়ের কথায় সম্মতি জানিয়ে ভোট দিতে নিয়ে এসেছি। ভোট দিয়ে আমার মা খুব খুশি হয়েছে বলে আমাকে জানিয়েছে। আমরাও ভোট প্রদান করেছি।

পুত্রবধু আকলিমা খাতুন বলেন, আমার শাশুড়ির বয়স প্রায় ১০০ ছুইছুই। হাঁটা-চলা করতে অন্যের সহযোগিতা নিতে হয়। ভোট দেয়ার কথা আমাদের জানালে আমরা না করতে পারিনি। এই বৃদ্ধা বয়সে তার ইচ্ছা পূরণ করতেই ভোট কেন্দ্রে নিয়ে এসেছি ভ্যানযোগে। পরে কোলে করে বুথে নেয়া হয়। এরপর দায়ীত্বরতদের সহযোগীতায় পছন্দের প্রার্থীকে ভোট দিয়েছেন।
তিনি আরও বলেন, আমার শ্বশুর মারা যাওয়ার পর থেকে আমরাই শাশুড়ি মা’কে দেখাশোনা করি। ভোট দেওয়ার বেশ আগ্রহ ছিল তার। তাই সবাই মিলে কেন্দ্রে নিয়ে এসেছি। ভোট দিতে পেরে তিনি বেশ খুশি।’

আলমডাঙ্গা সরকারী কলেজের প্রভাষক ও ফরিদপুর সরকারী প্রাথমিক

বিদ্যালয় কেন্দ্রের সহকারী প্রিসাইডিং অফিসার হাবিবুর রহমান বলেন, ওছিলা খাতুন বয়স্ক ও অসুস্থ হওয়ায় তাকে আগে ভোট দেওয়ার সুযোগ করে দেওয়া হয়েছে। এছাড়া ওই কেন্দ্রে কোন অপ্রীতিকর কোন ঘটনা ঘটেনি।

মৃত্যুর কাছে হার মানলেন সড়ক দূর্ঘটনায় আহত এনজিও কর্মকর্তা

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে বাসের ধাক্কায় আহত মউকের প্রোগ্রাম অফিসার আলমগীর হোসেন (৩৫) পাঁচ দিন চিকিৎসাধীর পর মারা গেছেন। শনিবার (২৭ নভেম্বর) দিবাগত রাত সাড়ে ১০ টার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে মারা যান তিনি।
নিহত আলমগীর হোসেন মেহেরপুর সদর উপজেলার হিজুলি গ্রামের মুক্তিযোদ্ধা শামসুল হকের ছেলে। সে স্থানীয় স্বেচ্ছাসেবি প্রতিষ্ঠাণ মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর জনস্বাস্থ্য প্রকল্পের প্রকল্প পরিচালক।
মানবউন্নয় কেন্দ্র মউকের প্রোগ্রাম অফিসার নাছিরা খাতুন তার মৃত্যুর কথা নিশ্চিত করেছেন।
এর আগে গত রবিবার (২২ নভেম্বর) সন্ধ্যার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের অয়ন ফিলিং ষ্টেশনের সামনে চলন্ত বাসের ধাক্কায় আলমগীর হোসেন মারাত্বক আহত হন। আলমগীর হোসেন মোটরাসাইকেলে ওই পাম্পে তেল আনতে যাচ্ছিলেন। তেল পাম্পের নিকট পৌছানো মাত্রই মেহেরপুর থেকে ছেড়ে যাওয়া সোহাগ পরিবহণ (যার নং ঢাকা মেট্রো-ব-১৪-৮৭৭১) তাকে ধাক্কা মারে। এতে আলমগীর হোসেন রাস্তার পাশে ছিটকে পড়ে মারাত্বক আহত হন।
স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। পরে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন । সেখান থেকে রাজশাহী ও পরে তার অবস্থার অবনতি হলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়ে। সেখানেই এই পাঁচ দিন চিকিৎসা শেষে মারা যান আলমগীর হোসেন।আলমগীর হোসেন দুই সন্তানের জনক বলে জানা গেছে। মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, আলমগীর হোসেন মারা

গেছেন। নিহতের মরদেহ ঢাকা থেকে মধ্যরাতে মেহেরপুরের উদ্যেশ্যে রওনা দিয়েছে। পারিবারিকভাবে লিখিত দিলে তারপর আইনগত প্রক্রিয়া শুরু হবে।